

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি কলেজ শাখা-০৫  
[www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd)

নং-৩৭.০০.০০০০.০৬৯.০১৫.০২৯.২০১৩(অংশ-১)-১০৮০

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৪  
১৫ অক্টোবর ২০১৭

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: বিনাইদহ জেলার সরকারি বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমান ডিগ্রি কলেজ-এ কর্মরত শিক্ষক ও অ-শিক্ষকদের  
আত্মীকরণের লক্ষ্যে নতুন পদ সৃজন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে বিনাইদহ জেলার সরকারি বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমান ডিগ্রি কলেজ-এর সাংগঠনিক কাঠামোতে নিম্নবর্ণিত ১৫ টি শিক্ষক ও ০৪ টি অ-শিক্ষক পদ জাতীয়করণের তারিখ(১৪-০৫-২০১৩) হতে স্থায়ীভাবে সৃজনে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করা হ'ল:

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জা:বে:স্কেল/২০১৫)	শর্ত/ভিত্তি
১।	প্রভাষক: বাংলা- ০২ টি অর্থনীতি-০১ টি দর্শন-০১ টি ইসলামের ইতিহাস-০১ টি ইসলামী শিক্ষা-০১ টি ইতিহাস-০১ টি সমাজকল্যাণ-০১ টি হিসাব বিজ্ঞান-০১ টি ব্যবস্থাপনা-০২ টি গণিত-০১ টি রসায়ন-০১ টি পদার্থবিদ্যা-০১ টি ভূগোল-০১ টি	১৫ (পনের) টি	টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড ৯)	পদগুলো বাংলাদেশ সিভিল সার্ভিস রিজুটমেন্ট রুলস্ ১৯৮১ (সাধারণ শিক্ষা) দ্বারা পূরণযোগ্য।
২।	অফিস সহায়ক	০৪(চার)টি	টা: ৮২৫০-২০০১০ (গ্রেড ২০)	কর্মকর্তা ও কর্মচারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) নিয়োগ বিধিমালা ১৯৯১ এর তফসিলের ক্রমিক নং ১০ এর শর্ত অনুযায়ী পূরণযোগ্য
মোট=		১৯(উনিশ) টি		

০২। উপর্যুক্ত পদগুলোর ব্যয়ভার শিক্ষা মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দের কোড নং-৩-২৫৩৭-০০০০-৪৫০১/৪৬০১/৪৭০০ খাত হতে বহন করা হবে।

০৩। পদ সংরক্ষণ ও স্থায়ীকরণ মন্ত্রিপরিষদ বিভাগের ০৩/০৫/২০০৩ তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে।

০৪। সরকারি চাকরির বেলায় প্রযোজ্য শিক্ষক পদের জন্য পদধারীদের কর্মকমিশন কর্তৃক নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

০৫। বিসিএস ক্যাডারভুক্ত পদ ক্যাডারভুক্তকরণে প্রচলিত বিধি-বিধান অনুসরণ করতে হবে।

০৬। শিক্ষক/কর্মচারীদের আত্মীকরণের প্রক্রিয়া সম্পন্ন হলে প্রাপ্যতার অধিক পদসমূহের পদধারীদের অন্য কলেজে শূন্য পদের বিপরীতে বদলিপূর্বক অতিরিক্ত পদ/পদসমূহ বিলুপ্ত কতে হবে।

০৭। প্রাপ্যতার অধিক পদসমূহের পদধারীদের বদলি এবং বিলুপ্তকরণের আদেশের অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৮। প্রয়োজনীয় যোগ্যতার অধিকারী নহেন এমন অ-শিক্ষক কর্মচারীদের আত্মীকরণ "জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী বিধিমালা-২০০০" এর অনুচ্ছেদ ৪(২) প্রযোজ্য হবে।

০৯। ৩য় ও ৪র্থ শ্রেণির পদের পদধারীদের স্বেচ্ছায় অবসর গ্রহণ, মৃত্যুবরণ, চাকরিচ্যুতি বা অন্য যে কোন কারণে পদ শূন্য হলে শূন্য পদ পূরণের ক্ষেত্রে আউট সোর্সিং এর নীতিমালা অনুসরণ করতে হবে।

১০। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪-০২-২০১৫ তারিখের নং-০৫.০০.০০০০.১৫৫.১৫.০২৩.১৩-২৭ স্মারক, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ১৪-০৬-২০১৭ তারিখের নং-০৭.১৫৩.০১৫.০২.০০.২৮.২০১৩-২০০ স্মারক, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ২৬-০৭-২০১৭ তারিখের নং-০৭.০০.০০০০.১৬২.৩৭.০০৩.১৭-১০৫ স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগের(প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখা) ০২-১০-২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০১৫.১৭-৫৪৫ স্মারকের সম্মতির পরিশ্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হ'ল।

আপনার বিশ্বস্ত,

(ফাতেমা তুল জাম্মাত)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৭০৬৬৩

নং-৩৭.০০.০০০০.০৬৯.০১৫.০২৯.২০১৩(অংশ-১)-১০৮০

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৪  
১৫ অক্টোবর ২০১৭

অতিরিক্ত সচিব (ব্যঃ নিঃ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর নিকট ০৩(তিন) কপি প্রেরণ করা হ'ল। ০১(এক) কপি পৃষ্ঠাংকন করে শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ৪৫, পুরানা পল্টন, ঢাকা এবং ০১(এক) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

(ফাতেমা তুল জাম্মাত)  
সিনিয়র সহকারী সচিব

নং-০৭.১৫৩.০১৫.০২.০০.২৮.২০১৩-

তারিখ:

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ২। সিনিয়র সহকারী সচিব (সরকারি কলেজ শাখা:০৫), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(ব্যঃ নিঃ-৩)  
উপ- সচিব  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-৩৭.০০.০০০০.০৬৯.০১৫.০২৯.২০১৩(অংশ-১)-১০৮০

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৪  
১৫ অক্টোবর ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেরণ করা হ'লঃ

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, সওব্য, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
- ০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। সিনিয়র সহকারী সচিব(সরকারি কলেজ-০১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। সিনিয়র সহকারী সচিব(সরকারি কলেজ-০২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। অধ্যক্ষ, সরকারি বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমান ডিগ্রি কলেজ, মহেশপুর, ঝিনাইদহ।
- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা(সরকারি কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,.....

(ফাতেমা তুল জাম্মাত)  
সিনিয়র সহকারী সচিব